

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালকের কার্যালয়
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো।
১২-১৩ মতিঝিল, রহমান চেম্বার
(১০ম তলা), ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৬০৯০৬, ৯৫৫০৯৩৭।



OFFICE OF THE DIRECTOR
DIRECTORATE OF STAFF DEVELOPMENT,
BWDB, RAHMAN CHAMBER (9TH FLOOR),
12-13 MOTIJHEEL C/A, DHAKA-1000.
PHONE: 9550937, 9560906.
e-mail: dir.staff.bwdb@gmail.com

ই-মেইল-dir.staff.bwdb@gmail.com

www.bwdb.gov.bd

e-mail: dir.staff.bwdb@gmail.com

স্মারক নং- পাউবো (কউ)/আর-২৩ (একাদশ খন্ড)/১০৬৯

তারিখঃ ৩০ ডিসেম্বর ২০১৩ খ্রিঃ।

“দপ্তরাদেশ”

নিম্নলিখিত প্রার্থীকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে জুনিয়র অডিটর পদে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে নিয়োগ করতঃ নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে যোগদানের নির্দেশ প্রদান করা হইল। তিনি জাতীয় বেতন স্কেল-২০০৯ এর ১৩তম গ্রেড টাকা ৫৫০০-৩৪৫৫৭-৭৯১৫-ইবি-৩৮০৫১১-১২০৯৫ এবং তৎসহ সরকার কর্তৃক প্রদত্ত সুবিধাদি পাইবেন।

ক্রঃ নং	নিয়োগকৃত প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম ও জন্মতারিখ	স্থায়ী ঠিকানা	যে দপ্তরে কর্ম নিয়োগ করা হইল
(১)	(২)	(৩)	(৪)
১।	নামঃ মোছাঃ আলেমা খাতুন পিতার নামঃ মোঃ নজরুল ইসলাম মাতার নামঃ আনজিলা বেগম জন্ম তারিখঃ ২৮/১২/১৯৮৪	গ্রামঃ বাদিনার পাড়া পোঃ বারকোনা থানাঃ সাঘাটা জেলাঃ গাইবান্ধা	অডিট পরিদপ্তর বাপাউবো, আনসার ভবন, মতিঝিল, ঢাকা।

০২। নিয়োগের শর্তাবলী :

- তাঁহার চাকুরী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা/কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এবং সময় সময় বাংলাদেশ সরকার এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট আদেশাদি দ্বারা নিয়ন্ত্রিত হইবে।
- চাকুরীতে যোগদানের সময় তাঁহাকে বোর্ডের নির্ধারিত ফরমে স্বাবর ও অস্বাবর সম্পত্তির বিবরণ, নির্ধারিত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করতঃ এবং জেলা সিভিল সার্জন অথবা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মেডিক্যাল অফিসারের নিকট হইতে শারীরিক সুস্থতার স্বপক্ষে প্রত্যয়ন পত্র দাখিল করিতে হইবে।
- সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন পাওয়া না গেলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তাঁহার নিয়োগাদেশ বাতিল বলিয়া গণ্য হইবে।
- তিনি ০১(এক) বৎসরের জন্য শিক্ষানবীশ হিসাবে কর্মরত থাকিবেন। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট ও সংশ্লিষ্ট দপ্তর প্রধান কর্তৃক সন্তোষজনক কার্য সম্পাদন প্রতিবেদন এবং অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে শিক্ষানবীশকাল সম্পন্ন করিবার পর তাঁহার চাকুরী স্ব স্ব যোগদানের তারিখ হইতে স্থায়ীকরণের জন্য বিবেচিত হইবেন। চাকুরী স্থায়ীকরণ না হওয়া পর্যন্ত তাহার বাৎসরিক বেতন বৃদ্ধি হইবে না।
- নিয়োগ প্রাপ্ত প্রার্থীর নাম মেধাভিত্তিক জ্যেষ্ঠতার ক্রমিক অনুসারে প্রদত্ত হইল। নিয়োগ আদেশ জারীর তারিখ হইতে ২১(একুশ) দিনের মধ্যে চাকুরীতে যোগদান করিলে মেধাভিত্তিক জ্যেষ্ঠতা বলবৎ থাকিবে। উক্ত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হইলে নিয়োগাদেশ জারীর তারিখ হইতে সর্বোচ্চ ৩০(ত্রিশ) দিনের মধ্যে যোগদান করিতে পারিবে। তবে সেই ক্ষেত্রে যোগদানের তারিখ হইতে জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে। নিয়োগাদেশ জারীর উল্লিখিত ৩০(ত্রিশ) দিনের মধ্যে কেহ যোগদানে ব্যর্থ হইলে তাঁহার নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
- নিয়োগ প্রাপ্ত প্রার্থী নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে যোগদান পত্র পেশ করিবেন। চাকুরীতে যোগদান করিবার জন্য তাঁহাকে কোন প্রকার ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা বা অন্য কোন প্রকার আর্থিক সুবিধা প্রদান করা হইবে না।
- চাকুরীরত প্রার্থীর অত্র সংস্থায় যোগদানের পূর্বে কর্মরত সংস্থা হইতে ছাড়পত্র গ্রহণ করা বাধ্যতামূলক। যোগদান পত্রের সহিত তাঁহারা অবশ্যই উক্ত ছাড়পত্র দাখিল করিবেন।
- শিক্ষানবীশ সময়ে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকিলে তাঁহাকে অনুপস্থিত দিন হইতে কোনপ্রকার নোটিশ প্রদান ব্যতীতই চাকুরীচ্যুত হিসাবে গণ্য করা হইবে এবং পদটি শূন্য বলিয়া বিবেচিত হইবে।

০৩। এই আদেশ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হইল।


(মোঃ দিদারুল আলম)
পরিচালক

স্মারক নং- পাউবো (কউ)/আর-২৩ (একাদশ খন্ড)/১০৬৯/১(২০)

তারিখঃ ৩০ ডিসেম্বর ২০১৩ খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)

০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা। (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

অনুলিপি সদয় অবগতির/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

- ০১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাপাউবো,
- ০২। প্রধান/নিয়ন্ত্রক বাপাউবো,
- ০৩। সচিব, বাপাউবো, ঢাকা।
- ০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/পরিচালক/অধ্যক্ষ, বাপাউবো,
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বাপাউবো,
- ০৬। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।
- ০৭। উপ-পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো,
- ০৮। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা/পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল/অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাপাউবো, ঢাকা।
- ০৯। মাস্টার কপি/নথির কপি।
- ১০। রেজিস্টার্ড উইথ এডি টু,
জনাব



পরিচালক
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর,
বাপাউবো, ঢাকা।